# ডুয়েটের ভর্তি পরীক্ষা ২১ মে

**গাজীপুর প্রতিনিধি**

গাজীপুরের ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) বিএসসি ইঞ্জিনিয়ারিং ও বিআর্ক প্রোগ্রামের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা প্রথমবারের মতো তিন শিফটে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এবার প্রতিটি আসনের জন্য গড়ে প্রায় ১৫ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

আগামী ২১ মে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এ ভর্তি পরীক্ষার প্রথম শিফটে সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত চলবে পুরকৌশল বিভাগ, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ ও ফুড ইঞ্জিনিয়ারিং বিভাগের পরীক্ষা; দ্বিতীয় শিফটে দুপুর সাড়ে ১২টা থেকে আড়াইটা পর্যন্ত চলবে যন্ত্রকৌশল বিভাগ ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের পরীক্ষা এবং তৃতীয় শিফটে বিকাল সাড়ে ৩টা থেকে সাড়ে ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ ও স্থাপত্য বিভাগের পরীক্ষা। সোমবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। অনলাইন ভর্তি বিষয়ক যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.duetbd.com/admission2017 পাওয়া যাবে।